# ন্যাশনাল পেনশন ডিপোজিট ইনস্যুরেন্স-এনপিডিআই (লাভযুক্ত)

ডিপিএস মানুষের কাছে একটি অত্যন্ত পরিচিত সঞ্চয় প্রকল্প। বাণিজ্যিক ব্যাংকসহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে পরিচালিত এ প্রকল্পের মাধ্যমে দেশের ক্ষুদ্র আয়ের মানুষ মাসিক ভিত্তিতে সঞ্চয় করে একটা নির্দিষ্ট সময়ান্তে লাভসহ সঞ্চয়ের সমুদয় টাকা ফেরত পায়। যা তাদের অর্থনৈতিক জীবনকে সমৃদ্ধশালী করে। সেই আলোকে ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানী "ন্যাশনাল পেনশন ডিপোজিট ইনস্যুরেন্স" সংক্ষেপে এনপিডিআই নামে লাভযুক্ত একটি মাসিক সঞ্চয় পরিকল্প চালু করেছে। এ পরিকল্পে একটি নির্দিষ্ট মেয়াদ শেষে এককালীন অথবা মাসিক পেনশন আকারে সঞ্চয়কৃত সমুদয় টাকা লাভসহ প্রদানের ব্যবস্থা রয়েছে।

## এই বীমার বৈশিষ্ট্যসমূহ ঃ

- ❖ বীমার প্রবেশকালীন বয়স সীমা ঃ ১৮ থেকে ৪৫ বছর
- ❖ সর্বোচ্চ মেয়াদ পূর্তিকালীন বয়স ঃ ৫৫ বছর
- ❖ সর্বনিম্ন বীমা অংক ঃ ১১,৭০০ টাকা
- ❖ সর্বোচ্চ বীমা অংক ঃ ২ লক্ষ ৫০ হাজার টাকা
- ❖ বীমার মেয়াদ ঃ ১০ থেকে ২৫ বছর
- ❖ প্রিমিয়াম প্রদানের পদ্ধতি ঃ মাসিক
- ❖ সহযোগী বীমা ঃ এ বীমার সাথে অতিরিক্ত বীমা (Supplementary) হিসেবে সহযোগী বীমা নেয়া যাবে না।

## এই বীমার সুবিধাসমূহ ঃ

১। স্বল্প আয়ের কর্মজীবি মানুষ সহজেই এ বীমা গ্রহণ করতে পারবে।

২। বীমাকৃত ব্যক্তি মেয়াদ পর্যন্ত জীবিত থাকলে বীমা অংকের উপর অর্জিত লাভসহ সম্পূর্ণ বীমা অংক এককালীন প্রদান করা হয় অথবা মেয়াদ শেষে গ্রাহক মেয়াদ পূর্তির তারিখ থেকে প্রাপ্ত বীমা অংকের পরিবর্তে মাসিক হিসেবে পেনশন নিতে পারবেন। এক্ষেত্রে পেনশনের মেয়াদ কাল হবে ৫ বছর অথবা ১০ বছর।

৩। বীমা চলাকালীন সময়ে গ্রাহকের মৃত্যু হলে নমিনীকে বীমাকৃত অর্থ অর্জিত বোনাসসহ প্রদান করা হয়।

৪। এ বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।

## পরিকল্প নং - ২০৫ পলিসির মেয়াদ বীমা অংক (টাকা)

| বীমার মেয়াদ | বীমা অংক | বীমার মেয়াদ | বীমা অংক |
|---|---|---|---|
| ১০ | ১১৭০০/- | ১৮ | ২১৪০০/- |
| ১১ | ১২৯০০/- | ১৯ | ২২৬০০/- |
| ১২ | ১৪১০০/- | ২০ | ২৩৮০০/- |
| ১৩ | ১৫৩০০/- | ২১ | ২৫১০০/- |
| ১৪ | ১৬৫০০/- | ২২ | ২৬৩০০/- |
| ১৫ | ১৭৭০০/- | ২৩ | ২৭৫০০/- |
| ১৬ | ১৮৯০০/- | ২৪ | ২৮৭০০/- |
| ১৭ | ২০১০০/- | ২৫ | ২৯৯০০/- |

ক) **কিস্তি প্রদান ঃ** গ্রাহক কর্তৃক প্রস্তাবিত পূর্ণ মেয়াদ (চুক্তি মেয়াদ) পর্যন্তই কিস্তির টাকা জমা দিতে হবে। কিস্তি মাসিক পদ্ধতিতে জমা দিতে হবে। তবে যদি কোন গ্রাহক ইচ্ছে করে তাহলে সর্বোচ্চ এক বছর পর্যন্ত অগ্রিম কিস্তি জমা দিতে পারবে।

খ) **বীমা শুরু ঃ** বীমা শুরু থেকে ১ (এক) বছরের মধ্যে কোন কারণে প্রিমিয়াম প্রদান বন্ধ হয়ে গেলে পলিসি তামাদি হয়ে যায় অর্থাৎ জমাকৃত টাকা আর ফেরত পাওয়া যায় না। আবার পলিসির কোন প্রিমিয়াম পরিশোধের তারিখ থেকে ১ মাস অর্থাৎ ৩০ দিন পর্যন্ত চালু রাখা যায়।

গ) **কিস্তি প্রদানে অপারগতা ঃ** কমপক্ষে ০২ (দুই) বছর বীমা চালনার পর যদি কোন গ্রাহক মাসিক কিস্তির টাকা জমা প্রদানে অপারগতা প্রকাশ করেন তাহলে মেয়াদ শেষে জমাকৃত টাকা লাভসহ ফেরৎ প্রদান করা হবে। পলিসি ০১ (এক) বছর পরিচালনা করলে মেয়াদ শেষে শুধুমাত্র জমাকৃত টাকা ফেরত দেয়া হবে।

ঘ) **সমর্পন মূল্য ঃ** কমপক্ষে ২ বছর পর্যন্ত বীমা পলিসি চালনার পর যদি কোন গ্রাহক পলিসির টাকা উত্তোলন করতে চান সেই ক্ষেত্রে জমাকৃত টাকা সার্ভিস চার্জ কর্তন সাপেক্ষে ফেরৎ পাবে।

## বীমা গ্রাহকের জ্ঞাতব্য

❖ মাসিক কিস্তির টাকা আপনার নিকটবর্তী কোম্পানীর নির্ধারিত অফিসে জমা নেওয়া হয়। কিস্তির টাকা জমা দিয়ে রশিদ সংগ্রহ করুণ। মাসিক জমার বইতে কোম্পানীর দায়িত্বপ্রাপ্ত অফিসার কর্তৃক এন্ট্রিসহ স্বাক্ষর নিন। মাসিক জমার বই পরীক্ষার জন্য কোম্পানীর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক চাহিদানুযায়ী দেখাতে/সরবরাহ করতে আপনাকে অনুরোধ করা হচ্ছে। আপনি নিজের নিকটবর্তী সংশ্লিষ্ট অফিস থেকে পাশবই আপনার সুবিধামত পরীক্ষা করিয়ে নিতে পারেন।

❖ প্রতিমাসের ১ তারিখ থেকে ১০ তারিখের মধ্যে অবশ্যই কিস্তির টাকা জমা দিতে হবে।